'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

**জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫০তম সভা)**

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভাস্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১৩/০৭/২০২৩ বেলা-১১:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিস সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুন/২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ৬৪,৩৪,৩৩০/৯৮ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মে ও জুন/২০২৩ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ১,৯৮,০০০/- |
| ২ | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ২,৭৪,৫৮৬/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের মে ও জুন/২০২৩ মাসের বেতন | ৬৭,৬৫০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৪,৬৪,৭৪৪/৯৭ | ৩ | উপজেলা পরিষদের মে ও জুন/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ১০,০০০/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের মে ও জুন/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৬০,০০০/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের মেরামত ও পুণঃসংস্কার কাজে অগ্রীম বিল প্রদান | ৪,৪৬,০০০/- |
| | | | ৬ | উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারক্রয় এবং ইউডিসির জন্য ল্যাপটপ ও ফটোকপি মেশিনক্রয় কাজের বিল প্রদান | ১,৮০,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল বাবদ | ১২,৬০০/- |
| | | | ৮ | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত কাজের বিল প্রদান | ১৪,০০০/- |
| | | | ৯ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই-২২ হতে জুন-২৩ পর্যন্ত সময়ে ভ্রমণ বিল প্রদান | ১,৫৬,০০০/- |
| | | | ১০ | ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের পৌর কর | ৩,০০,০০০/- |



Scanned With Scanner App Lite

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ১১ | ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের কৃষি উন্নয়ন কর | ১২,১৫০/- |
| | | | ১২ | হাট-বাজার ইজারার পত্রিকা বিজ্ঞপ্তির বিল প্রদান | ৬৫,৮৮০/- |
| | | | ১৩ | সাঁট-মুদ্রাক্ষরিক ও গাড়ি চালকের দুই বছরের জিপিএফ এর ইন্টারেষ্টর ও পরিষদ অংশের চাঁদা বাবদ প্রদান | ১,৫১,০৮৭/- |
| | | | ১৪ | উপজেলা পরিষদের মালিকানাধীন সেমিপাকা টিনসেড ভবনের মেরামত কাজের বিল প্রদান | ১৫,০০০/- |
| | | | ১৫ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির জ্বালানী বিল প্রদান | ৫৪,০৮১/- |
| জুন/২৩ মাসের আয়- | | ৭,৩৯,৩৩০/- | জুন/২৩ মাসের মোট ব্যয়- | | ১৭,৭৭,১৪১/- |
| সর্বমোট আয়- | | ৭১,৭৩,৬৬১/৯৫ | সর্বমোট ব্যয়- | | ১৭,৭৭,১৪১/- |
| সমাপনী স্থিতি- ৫৩,৯৬,৫২১/৯৫ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

<u>সিদ্ধান্ত</u>: উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় জানান বর্তমান সময়ে দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর জ্বরের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কাজেই ডেঙ্গুর লাভা ধ্বংসের জন্য বাসা-বাড়ির আশ-পাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। তিনি আরও জানান বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে দিরাই হাসপাতালের সরকারী এ্যাম্বুলেন্সটি মেরামত করে একজন অস্থায়ি চালক রাখা হয়েছে বর্তমানে হাসপাতালের এ্যাম্বুলেন্সটি রোগিদের সেবায় নিয়োজিত আছে। এছাড়াও তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। হাসপাতালে আগত রোগিদের সেবায় এ্যাম্বুলেন্সটি চালুকরার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সহ উপস্থিত সকলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে ধন্যবাদ জানান।<br><br><u>সিদ্ধান্ত</u>: বিভাগীয় কার্যক্রমের সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজীয়ন ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি জানান ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-২, ২০২৩-২০২৪ মৌসুমে রোপাআমন ধানের উফশী জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রনোদনা কর্মসূচি হিসেবে ৪০০ (চারশত) জন কৃষকের মাঝে বীজ ধান ০৫ কেজি, ডিএপি সার- ১০ কেজি এবং এমওপি সার- ১০ কেজি করে বরাদ্দ প্রদান করা হবে। এছাড়াও তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে বলেন কৃষি প্রনোদনা যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করে কৃষকদের নির্বাচন ও বিতরণ কাজটি করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u>: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করে কৃষি প্রনোদনা প্রাপ্ত কৃষকদের নির্বাচন ও কৃষি প্রনোদনা বিতরণসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান তার বিভাগীর দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u>: বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী- ২৪ জুলাই হতে ৩০ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে এ উপজেলায় আগামী- ২৫ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত সকলকে উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সাফল্য | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | মণ্ডিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> : আগামী- ২৫ জুলাই ২০২৩জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে অনুষ্ঠানমালার শুভ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থি সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। সেই সাথে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। | |
| রিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- চলতি ২০২৩-২৪ অর্থ বছরের লজিক প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য টেন্ডার নোটিশ করা হয়েছে। এছাড়া উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> : বিভাগীয় কার্যক্রমসহ সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান গত অর্থবছরে আন্তঃপ্রাথমিক গোল্ডকাপ ফুটবল খেলায় আর্থিক অনুদান হিসেবে উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ মঞ্জুর করা হয়। কিন্তু সংশ্লিষ্ট খাতে বরাদ্দ না থাকায় বরাদ্দটি প্রদান করা হয়নি। তাই চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সংষ্ঠভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> : অর্থবছরে বাস্তবায়িত আন্তঃপ্রাথমিক গোল্ডকাপ ফুটবল খেলায় আর্থিক অনুদান হিসেবে চলতি অর্থবছরে উপজেলা পরিষদ হতে- ২০,০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। এছাড়াও তিনি আরও জানান বিধবা/বয়স্ক/প্রতিবন্ধী/স্বামী নিগৃহীতা ভাতাদির ভাতা গ্রহীতা যদি কেহ মৃত্যু বরণ করে থাকেন তাহলে তাদের নামের তালিকা দ্রুত সময়ের মধ্যে প্রস্তুতক্রমে উপজেলা সমাজসেবা অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> : বিধবা/বয়স্ক/প্রতিবন্ধী/স্বামী নিগৃহীতা ভাতাদির ভাতা গ্রহীতা যদি কেহ মৃত্যু বরণ করে থাকেন তাহলে তাদের নামের তালিকা দ্রুত সময়ের মধ্যে প্রস্তুতক্রমে উপজেলা সমাজসেবা অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই/ চেয়ারম্যান/ইউ/পি সকল, দিরাই |
| াধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> : বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| ল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> :বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| ব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| কল্প স্তবায়ন ভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভিজিএফ এর মাস্টাররোল জমা প্রদানের জন্য উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান। এছাড়াও তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভার দৃষ্টি আকর্ষণকরে প্রকল্প বাস্তবায়ন অফিসারকে বলেন সরকার কর্তৃক যে কোন উন্নয়ন কার্যক্রমের (মাননীয় সংসদ সদস্য | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |

| | | |
|---|---|---|
| | কার্যবিবরণীর মাধ্যমে কাজ হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে পিআরসি কমিটি সমর্থন করেছেন। পিআরসি কমিটির সমর্থনের প্রেক্ষিতে আবেদনটি সদয় সুপারিশ করা যেতে পারে।<br>৩। উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান দিরাই উপজেলাধীন ক্যালিপ প্রকল্পের আওতায় মাটিয়াপুর-টানাখালি আরসিসি রাস্তা নির্মাণ কাজটি এলসিএসের মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বছরে বাস্তবায়নের জন্য ৫০% অগ্রিম অর্থ দিয়ে এলসিএস কমিটি নির্মাণ মালামাল ক্রয় করেন। উক্ত মালামাল ক্রয় করার পর ২০১৭ সালের আগাম বন্যা ও গত ২০২০ এবং ২০২২ সালের ভয়াবহ বন্যায় ক্রয়কৃত মালামাল সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হয়। মালামাল ক্ষতিগ্রস্থ ও বর্তমান বাজার প্রায় ৫০% বৃদ্ধির কারণে মাটিয়াপুর নয়াহাটি এলসিএস-০৪ কমিটি কার্যবিবরণীর মাধ্যমে কাজ হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে পিআরসি কমিটি সমর্থন করেছেন। পিআরসি কমিটির সমর্থনের প্রেক্ষিতে আবেদনটি সদয় সুপারিশ করা যেতে পারে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত প্রকল্পগুলোর প্রেরিত প্রস্তাব মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌলশী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | |
| | (ছ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম সংশোধিত)" এর আওতায় দিরাই পৌর বাজার ৪তলা ফাউন্ডেশন বিশিষ্ট ২তলা কমপ্লিট একটি আধুনিক পৌর বাজার নির্মানের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয় এর বরাবরে মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২ কর্তৃক একটি আধা-সরকারি পত্র প্রেরণ করেন। পত্রানোযায়ী দিরাই উপজেলাধীন আরএস ৯৫নং, জেএলস্থিত দোওজ মৌজার ০১নং সরকারি খাস খতিয়ানের আরএস ২৪৫ নং দাগের ১.৬২০৪ একর ভূমির মধ্যে ০.১৮ একর ভূমি স্থান হিসেবে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম সংশোধিত)" এর আওতায় দিরাই পৌর বাজার নির্মাণের জন্য উপজেলা পরিষদের সিদ্ধান্ত প্রয়োজন মর্মে সভাকে জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম সংশোধিত)" এর আওতায় দিরাই পৌর বাজার ৪তলা ফাউন্ডেশন বিশিষ্ট ২তলা কমপ্লিট একটি আধুনিক পৌর বাজার "দিরাই উপজেলাধীন আরএস ৯৫নং, জেএলস্থিত দোওজ মৌজার ০১নং সরকারি খাস খতিয়ানের আরএস ২৪৫ নং দাগের ১.৬২০৪ একর ভূমির মধ্যে ০.১৮ একর" ভূমিতে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ, এলজিইডি |
| | (জ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন গণমিলনায়তন মেরামত ও পুনঃসংস্কার কাজের প্রাক্কলিত মূল্যের বর্ধিত ১০% টাকা বৃদ্ধি করা হয় গত জুন/২০২৩ মাসের সাধরণ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে। প্রাক্কলিত মূল্যের ১০% বৃদ্ধি হলে ১০.০০ (দশ) লক্ষ টাকার বেশি হয়ে যায়, যা পিপিআর বহির্ভূত। কাজেই প্রাক্কলিত মূল্যে বর্ধিত ১০% টাকা প্রাক্কলন থেকে বাতিলক্রমে পূর্বের প্রাক্কলন মোতাবেক ঠিকাদরকে বিল পরিশোধ করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধিন গণমিলনায়তন মেরামত ও পুনঃসংস্কার কাজের সংশোধিত প্রাক্কলনের বর্ধিত ১০% টাকা প্রাক্কলন থেকে বাতিল করতঃ পূর্বের প্রাক্কলন মোতাবেক- ৯.৯০ (নয় লক্ষ নব্বই হাজার) ঠিকাদরকে বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঝ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন প্রশাসনিক ভবন মেরামত কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন দৃষ্টে দেখাযায় উক্ত মেরামত কাজে সর্বমোট-৩.০০ (তিন) লক্ষ টাকা ধরা হয়েছে। যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের মালিকানাধিন প্রশাসনিক ভবন মেরামত কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঞ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান তার দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের জন্য ০১(এক)টি ব্যাটারী জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই এর দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের জন্য একটি ব্যাটারী ক্রয়ের জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই এর দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের জন্য একটি ব্যাটারী ক্রয়ের জন্য ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

তারিখ ঃ ১৩/০৭/২০২০

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৩(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৬। মেয়র, দিরাই পৌরসভা
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
০৮। উপজেলা ------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই
০৯। চেয়ারম্যান------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল

২১.০৭.
(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই<br>০৩। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই<br>০৪। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই<br>০৭। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই<br>০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৩। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৫। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ<br>০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৭। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৮। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৯। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১০। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই<br>১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১২। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ<br>১৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১৪। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা( জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মেয়র, দিরাই পৌরসভা<br>০৪। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৩। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৪। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৫। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৬। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৭। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৮। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |



Scanned With Scanner App Lite